

দরপত্র বিজ্ঞপ্তি

ইন্ট্রাডার অ্যালার্ম সিস্টেম সরবরাহ ও স্থাপন

প্রাইম ব্যাংক লিমিটেড এর সকল শাখা ভস্টের নিরাপত্তার জন্য ইন্ট্রাডার অ্যালার্ম সিস্টেম সরবরাহ ও স্থাপনের জন্য প্রতিষ্ঠিত ও অভিজ্ঞতা সম্পন্ন উৎপাদনকারী/সরবরাহকারী/অনুমোদিত পরিবেশক প্রতিষ্ঠান সমূহের নিকট থেকে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে যার সিডিউল নিম্নরূপঃ

দরপত্র জয়ের শর্তাবলীঃ

- আগ্রহী প্রতিষ্ঠান সমূহের নিম্নলিখিত অভিজ্ঞতা ও প্রয়োজনীয় কাগজপত্র থাকতে হবে :
 - ক) কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে উক্ত কাজের ০৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
 - খ) সঠিক রেজিস্ট্রেশন, মালিকানার সনদ, ভ্যাট রেজিস্ট্রেশন, টিআইএন নং, হালনাগাদ ট্রেড লাইসেন্স ও ব্যাংক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতা সনদ থাকতে হবে।
- আগ্রহী প্রতিষ্ঠানসমূহ দরপত্র জয়ের জন্য নিম্ন স্বাক্ষরকারীর বরাবরে প্রতিষ্ঠানের লেটারহেড প্যাডে একটি দরখাস্ত এবং দরপত্র জয়ের ফি বাবদ “প্রাইম ব্যাংক লিমিটেড” এর অনুকূলে ২,০০০/- (দুই হাজার) টাকা মাত্র পে-অর্ডার (অফেরতযোগ্য) প্রদান করে ২২ ডিসেম্বর ২০১৪ থেকে ২৫ জানুয়ারী ২০১৫ ইং তারিখ পর্যন্ত (সাপ্তাহিক ও সরকারী ছুটি ব্যতীত) অফিস চলাকালীন সময়ের মধ্যে প্রাইম ব্যাংকের নিম্নে বর্ণিত স্থানসমূহ থেকে দরপত্র জয় করতে পারবে:
 - ক. প্রধান কার্যালয়, সরকার ম্যানশন, ২৯ রাজউক এডিনিউ (১ম তলা), মতিঝিল, ঢাকা।
 - খ. গুলশান শাখা, পুট-১, ব্লক-সিইএন(এইচ), রোড-১০৯, গুলশান এডিনিউ, ঢাকা-১২১২।
 - গ. আগ্রাবাদ শাখা, বি এম হাইটস, হোল্ডিং নং-১৪/এ, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম-৪১০০।
 - ঘ. সিলেট শাখা, লালদিঘীর পাড়, সিলেট।
 - ঙ. বগুড়া শাখা, ৩৩১/৩৬৪, রংপুর রোড, বড়গোলা, বগুড়া-৫৮০০।
 - চ. খুলনা শাখা, ৭, পুরাতন যশোর রোড, খুলনা।
- উল্লেখিত সময়সীমার বাইরে কোন দরপত্র প্রদান করা হবে না।
- আগ্রহী প্রতিষ্ঠানকে নিম্নস্বাক্ষরকারীর অফিসে ২০ জানুয়ারী ২০১৫ ইং তারিখে বেলা ৩:০০ ঘটিকায় প্রি-বিড মিটিং এ অংশগ্রহণ করতে হবে।
- দরপত্র অবশ্যই দ্বি-খাম বিশিষ্ট {যেমন একটি প্রযুক্তি (Technical) প্রস্তাব ও একটি আর্থিক (Financial) প্রস্তাব} সীলমোহরযুক্ত খামে জমা দিতে হবে এবং প্রত্যেকটি খামের উপর প্রযুক্তি ও আর্থিক প্রস্তাব উল্লেখপূর্বক উভয় খাম দুইটি একটি বড় খামের ভিতর খামের উপর কাজের নাম উল্লেখ সহ সীলগালা করে জমা দিতে হবে। দরপত্রের সাথে অবশ্যই প্রাইম ব্যাংক লিমিটেড এর অনুকূলে প্রস্তাবিত প্রকল্প ব্যয়ের ২.৫% এর সমপরিমাণ অর্থের পে-অর্ডার (ফেরতযোগ্য) বায়না/অর্নেস্টম্যানি হিসেবে জমা দিতে হবে। অন্যথায় প্রদত্ত দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- দরপত্র অবশ্যই প্রাসংগিক কাগজ-পত্রাদিসহ সীলমোহরযুক্ত খামে উপরোক্ত ঠিকানায় আগামী ২৬ জানুয়ারী ২০১৫ ইং তারিখ সকাল ১০:০০ ঘটিকা হতে দুপুর ৩:০০ ঘটিকার মধ্যে জমা দিতে হবে এবং একই দিনে বেলা ৩:৩০ ঘটিকায় উপরিলিখিত স্থানসমূহে দরপত্র দাতা বা তার প্রতিনিধির সম্মুখে উক্ত দরপত্র সমূহ খোলা হবে। প্রাইম ব্যাংক লিমিটেড কোন কারণ দর্শানো ব্যতিরেকে উক্ত দরপত্র বা দরপত্রসমূহ সম্পূর্ণ বা আংশিক গ্রহণ বা বাতিল করার ক্ষমতা রাখে। ব্যাংক সর্বনিম্ন দরপত্র দাতার দরপত্র গ্রহণ করতে বাধ্য নয়। বিস্তারিত জানার জন্য নিম্নলিখিত ঠিকানায় যোগাযোগ করা যেতে পারে।

প্রধান কার্যালয়, ২৯ রাজউক এডিনিউ (১ম তলা),
মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
পিএবিএক্স: ৯৫৬৭২৬৫ (এক্স-২২৬ ও ৩৪০),
ফ্যাক্স: ৯৫৫৯২৫২

www.primebank.com.bd

সিনিয়র ভাইস প্রেসিডেন্ট

ফ্যাসিলিটি ম্যানেজমেন্ট ডিভিশন



প্রাইম ব্যাংক লিমিটেড

একটি ব্যতিক্রমধর্মী ব্যাংক